

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। ৩১ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সংস্থার সকল কর্মী

হতে : উপ নির্বাহী পরিচালক

বিষয়: : সংস্থার সকল কর্মীকে বাধ্যতামূলক মাস্ক ব্যবহার করা প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনাদের সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানাচ্ছি যে ঢানের একজন অভিজ্ঞ চিকিৎসকের মতে, মানুষ যখন কথা বলে ইঁচি দেয় তখন তার নাক/মুখ থেকে জীবগুষ্ঠুক্ত ড্রপলেট (Droplet) নিস্ত হয় যা অন্যজনের নাক-মুখের মাধ্যমে শরীরে সহজেই ঢুকে যায়। এ জন্য তিনি সবসময় মুখে মাস্ক ব্যবহার করার পরামর্শ দিয়েছেন। তাই এ সংক্রান্ত নির্দেশনাগুলো নিম্নে আপনাদের বরাবরে উপস্থাপন করা হলো:

১. ঘুমানোর সময় ছাড়া আপনি সবসময় মাস্ক পরে থাকুন। সুস্থ থাকলেও আপনি মাস্ক ব্যবহার করুন। আপনার পরিবারের অন্যান্য সদস্যদেরকেও তা করতে বলুন। কারণ শুধু আপনি মাস্ক পরে থাকলে হবে না। অফিসে বা মাঠে বা বাজারে বা অন্য যেকোন দরকারে বাইরে যাওয়ার সময়ও সকলকে বাধ্যতামূলক মাস্ক পরতে হবে।
২. আপনি দুটো মাস্ক রাখুন। একটি একদিন ব্যবহার করে ধূয়ে কড়া রোদে শুকাতে দিন এবং অন্যটি পরে থাকুন। এভাবে একদিন একটি ধূয়ে দিন অন্যটি পরুন।
৩. মাঠে, বাজারে বা বাইরে যাওয়ার সময় আপনি সানগ্লাস, হ্যান্ড গ্লাভস ও ক্যাপ পরুন। বাসার বাইরে থাকলে সবসময় ফুলহাতা শাট পরুন।
৪. উপরোক্ত নির্দেশনাগুলো সংস্থার কর্মী হিসেবে আমাদেরকে অবশ্যই পালন করতে হবে। কেউ যদি তা পালন না করেন তাহলে তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
৫. প্রত্যেক অফিস প্রধান তার কর্মীদের এ নির্দেশনাসমূহ ফোনে বা অন্যকোন মাধ্যমে জানানো নিশ্চিত করবেন এবং তারা যেন তা পালন করেন তাও নিশ্চিত করবেন।
৬. এ সার্কুলারটি অন্তর্বিলম্বে কার্যকর হবে এবং এ বিষয়ে আরও জানার থাকলে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগযোগ করতে অনুরোধ করছি।

এ ব্যাপারে আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভোঁমিক

অনুলিপি

নির্বাহী পরিচালক

সকল পরিচালক

অফিস কাপি